

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
প্রধান কার্যালয়, ঢাকা
লিয়েন অ্যান্ড কনজুমারস ক্রেডিট ডিপার্টমেন্ট

লিয়েন অ্যান্ড কনজুমারস ক্রেডিট ডিপার্টমেন্ট কর্তৃক পরিচালিত বিভিন্ন স্কীম :

লিয়েন এর বিপরীতে অগ্রিম প্রদানের নিয়মাবলীঃ

আইসিবি পরিচালিত বিভিন্ন সার্টিফিকেটস লিয়েনের বিপরীতে প্রযোজ্য ঋণের হার

আইসিবি ইউনিট সার্টিফিকেট, আইসিবি এএমসিএল ইউনিট সার্টিফিকেট এবং আইসিবি পরিচালিত ৮টি মিউচুয়াল ফান্ড সার্টিফিকেট এর বিপরীতে অগ্রিম প্রদান করা হয়। আইসিবি ইউনিটের ক্ষেত্রে ইউনিট প্রতি সর্বোচ্চ ১০০.০০ (একশত) টাকা, আইএএমসিএল ইউনিট প্রতি ৮০.০০ (আশি) টাকা এবং মিউচুয়াল ফান্ড সমূহের ক্ষেত্রে ১ বছরের Weighted Average বাজারমূল্য অনুযায়ী ৫০% ঋণ প্রদান করা হয়। উল্লেখ্য যে, আইসিবি ও আইসিবিএএমসিএল ইউনিট সার্টিফিকেটের বিপরীতে উপরোক্ত হারে যথেষ্ট সুবিধা প্রদান করা হয় তবে মিউচুয়াল ফান্ড সার্টিফিকেটের ক্ষেত্রে সর্বনিম্ন ১০,০০০/- (দশ হাজার) এবং সর্বোচ্চ ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকা পর্যন্ত অগ্রিম প্রদান করা হয়।

ঋণ গ্রহণের আবেদনের নিয়মাবলী

- ক) ঋণ গ্রহীতা কর্তৃক অগ্রিম প্রদানের আবেদনপত্র পূরণ (ফি প্রযোজ্য নয়)।
- খ) অগ্রিম গ্রহীতার ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযোজন।
- গ) ইউনিট সার্টিফিকেটের ক্ষেত্রে অগ্রিম গ্রহীতা কর্তৃক স্বাক্ষরিত সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট কর্তৃক যাচাইকৃত সারেভার ফরম পূরণ।
- ঘ) ডিমেটকৃত আইসিবি মিউচুয়াল ফান্ড সমূহের ক্ষেত্রে Pledge Request Form (১৭-১) পূরণ ও জমাদান।

ঋণ প্রদানের ক্ষেত্রে অনুসৃত নিয়মাবলী

- ক) আইসিবি ইউনিট/ আইসিবিএএমসিএল ইউনিট সার্টিফিকেটসমূহ আইসিবি স্ব-উদ্দেশ্যে লিয়েনমার্ক সম্পাদন করবে।
- খ) অতঃপর লিয়েনমার্ক সম্পাদন শেষে অগ্রিম গ্রহীতা নিম্নোক্ত দলিলাদি সম্পাদন করবে। দলিলাদি সম্পাদনে ইউনিটের ক্ষেত্রে ১৯০/- টাকা মূল্যমানের এডহেসিভ স্ট্যাম্প এবং মিউচুয়াল ফান্ডের ক্ষেত্রে ৫৯০/- টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্প সরবরাহ করতে হবে।

ইউনিটের ক্ষেত্রে :

১. Letter of Agreement/ Arrangement/ Undertaking Tk. 150
২. Demand promissory note Tk. 20
৩. Letter of continuity Tk. 20
৪. Letter of Authority for sale of Units
৫. Letter of Lein
৬. Letter of Guarantee (প্রযোজ্য ক্ষেত্রে)

মিউচুয়াল ফান্ডের ক্ষেত্রে :

১. Letter of Agreement/ Arrangement/ Undertaking Tk. 150
২. Demand promissory note Tk. 20
৩. Letter of continuity Tk. 20
৪. Letter of Lein Tk. 150
৫. Letter of Guarantee from borrower Tk. 150
৬. Power of Attorney to sell Mutual Fund Certificate Tk.200
৭. Undertaking Tk. 150

- গ) ডিমেটকৃত মিউচুয়াল ফান্ড এর ক্ষেত্রে Pledge Request Form (১৭-১) পূরণপূর্বক Pledgor-HI Dipository Participant (D.P.) কর্তৃক Acknowledgement Letter প্রদান ও Pledgee-HI D.P. কর্তৃক উক্ত Acknowledgement Letter Accept এর মাধ্যমে শেয়ার/সার্টিফিকেটসমূহ 'Freeze' করণ পরবর্তী বিভিন্ন দলিলাদি সম্পাদন।
- ঘ) আনুষ্ঠানিকতা শেষে প্রার্থিত অর্থের চেক গ্রহণ করবে এবং এ প্রক্রিয়ায় সাধারণত ৪(চার) কার্যদিবসের প্রয়োজন হবে।

সুদের হার :

- ক) আইসিবি কর্তৃক নির্ধারিত হারে সুদ প্রযোজ্য হবে (বর্তমানে সুদের হার ১২.৫০%)।
- খ) উল্লেখিত সুদ ত্রৈমাসিক ভিত্তিতে প্রদান করতে হবে।

পরিশোধ পদ্ধতি :

- ক) অগ্রিম গ্রহীতা কর্তৃক সুবিধামতো সময়ে অগ্রিম পরিশোধ করা যাবে।

লিয়েন নবায়ন :

- ক) সুদ পরিশোধ সাপেক্ষে লিয়েন গ্রহীতার অগ্রিম হিসাব উভয় পক্ষের সম্মতিতে নবায়ন যোগ্য।

লিয়েন অবমুক্তকরণ :

- ক) সুদ সহ সমুদয় আসল পরিশোধ সাপেক্ষে লিয়েন অবমুক্ত করা হবে।

ভোগ্যপণ্য ঋণ প্রদানের নিয়মাবলীঃ

ভোগ্যপণ্য ঋণগ্রহণের যোগ্যতা

ভোগ্যপণ্য ঋণ স্কীমের আওতায় ২০ (বিশ) হতে ৫৫ (পঞ্চাশ) বছর বয়স সীমার মধ্যে সরকারী/আধা সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, ব্যাংক-বীমা কোম্পানীতে স্থায়ী কর্মী হিসেবে কর্মরত চাকুরিজীবী ছাড়াও আইসিবির নিকট গ্রহণযোগ্য প্রতিষ্ঠিত বেসরকারী প্রতিষ্ঠানে চাকুরীরত কর্মকর্তা/কর্মচারীগণ বিশ্ববিদ্যালয়/কলেজ/স্কুলের শিক্ষকবৃন্দ, ডাক্তার, প্রকৌশলী, কৃষিবিদ, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস এবং আইসিবির বিবেচনায় গ্রহণযোগ্য অন্যান্য পেশার ব্যক্তিবর্গ ঋণ গ্রহণ করতে পারেন।

আবেদনের নিয়মাবলী

- ক) ভোগ্যপণ্য ঋণ কার্যক্রম পরিচালনা নীতিমালা অনুযায়ী ৫০.০০ (পঞ্চাশ) টাকা জমাপূর্বক আবেদনপত্র দ্রুত ;
- খ) অগ্রিম গ্রহীতার ৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযোজন ;
- গ) প্রার্থিত পণ্যের মূল্য সম্পর্কিত তথ্যাদি জানানোর জন্য কমপক্ষে ৩টি সরবরাহকারী প্রতিষ্ঠানের দরপত্র ও প্রয়োজনীয় কাগজপত্রাদি দাখিল ;
- ঘ) চাকুরিজীবী আবেদনকারীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত বেতন সনদপত্র যাতে বেতনক্রম, মোট বেতন কর্তন সমূহ ও কর্তনের পর নীট বেতন এর উল্লেখ থাকবে ;
- ঙ) ঋণ গ্রহীতা কর্তৃক গ্যারান্টির নির্বাচন।

ঋণ প্রদানের প্রক্রিয়া

- ক) আবেদনপত্র প্রকল্প মূল্যায়ন কমিটির সভায় উপস্থাপন
- খ) কমিটি কর্তৃক অনুমোদনের পর ঋণগ্রহীতা বরাবরে Sanction Letter প্রেরণ
- গ) ঋণ গ্রহীতা কর্তৃক প্রয়োজনীয় দলিলাদি সম্পাদন, যথা:
 1. Letter of Gurantee
 2. Letter for payment of installment
 3. Letter of Hypothecaton
 4. Agreement for purchase
 5. Undertaking
 6. Letter of Surety/Assurance
 7. Letter of Arrangement
 8. Demand Promissory note
- ঘ) ডাউন পেমেন্ট বাবদ ২৫% ফেরৎযোগ্য এবং অন্যান্য চার্জ বাবদ অনুমোদিত ঋণের উপর এককালীন ১% সার্ভিস চার্জ, ২% রিস্ক কভারেজ ফি অফেরৎযোগ্য প্রদান করতে হবে
- ঙ) অর্থ বিতরণ (সরবরাহকারী প্রতিষ্ঠানের অনুকূলে চেক প্রদান)

ঋণ পরিশোধ পদ্ধতি

ঋণ সীমা

ন্যূনতম ঋণ সীমা ১ (এক) লক্ষ টাকা এবং সর্বোচ্চ ৫ (পাঁচ) লক্ষ টাকা।